

আয়কর রিটার্ন অডিট নির্দেশনা, ২০২৫

(১) ভূমিকা:

আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৮০ মোতাবেক স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্নসমূহ অডিট করার উদ্দেশ্যে, অডিটের জন্য, অডিট পরিচালনা এবং অডিট নিষ্পত্তির প্রক্রিয়া উল্লেখপূর্বক ধারা ১৮২ এর বিধান মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এ “আয়কর রিটার্ন অডিট নির্দেশনা, ২০২৫” প্রণয়ন করা হয়েছে। এতে বর্ণিত কোনো বিষয়ের সাথে আয়কর আইনের অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে আয়কর আইনে বর্ণিত বিধান প্রাধান্য পাবে। বোর্ড সময়ে সময়ে যেরূপ সমীচীন মনে করবে সেদৃষ্টে সংযোজন, বিয়োজন, পরিবর্তন, পরিমার্জন আনয়নপূর্বক ইহা সংশোধন করবে।

(২) আয়কর রিটার্ন অডিটের উদ্দেশ্য:

- (ক) কর ফাঁকি প্রতিরোধ, কর পরিহারের প্রবণতা রোধ ও সুস্থ কর সংস্কৃতির বিকাশ নিশ্চিতকরণ;
- (খ) করদাতা কর্তৃক আয়কর আইন ও বিধি যথাযথভাবে পরিপালন নিশ্চিতকরণ;
- (গ) কর ফাঁকির ক্ষেত্র, পদ্ধতি ও ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ; এবং
- (ঘ) আয়কর কর্মকর্তা কর্তৃক আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকরণ।

(৩) অডিটের জন্য আয়কর রিটার্ন নির্বাচন:

- (ক) আয়কর আইনের ধারা ১৮০ অনুযায়ী দাখিলকৃত রিটার্নের মধ্য থেকে বোর্ড কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে ধারা ১৮২ অনুযায়ী বোর্ড বা বোর্ডের অধিনস্ত কোনো আয়কর কর্তৃপক্ষ অডিটের জন্য রিটার্ন নির্বাচন করবে;
- (খ) অডিটের জন্য আয়কর রিটার্ন নির্বাচন পদ্ধতিতে সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড Risk Based Audit Selection Criteria এর ভিত্তিতে সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে অডিটের জন্য আয়কর রিটার্ন নির্বাচন করার উদ্যোগ গ্রহণ করবে;
- (গ) অফলাইনে দাখিলকৃত সকল পেপার রিটার্নের পূর্ণাঙ্গ তথ্য ডাটাবেজে এন্ট্রি সম্পন্ন না করা পর্যন্ত সাময়িকভাবে স্বাভাবিক ব্যক্তি করদাতাদের (Individual Taxpayers) আয়কর রিটার্ন Random Selection এর ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড সম্পূর্ণ অটোমেটেড পদ্ধতিতে অডিটের জন্য নির্বাচন করবে;
- (ঘ) স্বাভাবিক ব্যক্তি করদাতা (Individual Taxpayers) ব্যতীত কোম্পানিসহ অন্যান্য করদাতাদের অনলাইনে রিটার্ন দাখিলের ব্যবস্থা পূর্ণাঙ্গ বাস্তবায়ন না হওয়া পর্যন্ত অডিটের জন্য রিটার্ন বাছাইয়ের জন্য কর কমিশনার প্রতিটি কর সার্কেলের (বৃহৎ করদাতা ইউনিটের ক্ষেত্রে টিম) জন্য নিম্নরূপ অডিট বাছাইকারী টিম গঠন করবেন। সংশ্লিষ্ট অতিরিক্ত/ যুগ্ম কর কমিশনার উক্ত টিমের আহ্বায়ক, উপ কর কমিশনার উক্ত টিমের সদস্য সচিব এবং কর পরিদর্শক উক্ত টিমের সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন;
- (ঙ) অডিট বাছাইকারী টিম অডিট ঝুঁকির আলোকে স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য করদাতাদের ১৮০ ধারায় দাখিলকৃত রিটার্নসমূহের মধ্য থেকে অডিটের জন্য বাছাই করে অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ১) জাতীয় রাজস্ব বোর্ডে প্রস্তাব প্রেরণ করবে; এবং
- (চ) মাঠ পর্যায় হতে প্রেরিত অডিটের প্রস্তাব বিবেচনা করে জাতীয় রাজস্ব বোর্ড অডিটের জন্য রিটার্ন অনুমোদন প্রদান করবে।

(৪) স্বাভাবিক ব্যক্তি করদাতা ব্যতীত অন্যান্য করদাতার আয়কর রিটার্ন অডিটের জন্য নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়:

- (ক) আয়কর আইনের ধারা ১৮১ মোতাবেক কোনো রিটার্ন প্রসেস সম্পন্ন না করে অডিটের জন্য বাছাই করবেন না;
- (খ) অডিটের জন্য নির্বাচনকালে নথির অতীত ও বর্তমান রেকর্ড যাচাইপূর্বক দৃশ্যমান Legal & Factual ত্রুটিসমূহ যৌক্তিক ও সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন;
- (গ) কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত হারে কর প্রযোজ্য এমন আয় রিটার্নে প্রদর্শন করা হয়ে থাকলে সে সংক্রান্ত শর্তাবলী পরিপালিত হয়েছে কি-না তা যাচাইপূর্বক উল্লেখ করবেন;
- (ঘ) ধারা ১৮১ মোতাবেক রিটার্ন প্রসেস এর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে এমন রিটার্ন, অধিক রাজস্ব ক্ষতির সুনির্দিষ্ট কোনো কারণ না থাকলে বা আইনগত (legal) ত্রুটি না থাকলে পুনরায় অন্য কোনো কারণে একই বছরে অডিটের জন্য নির্বাচন করা হতে বিরত থাকবেন;

- (ঙ) নতুন করদাতা হিসেবে প্রথমবারের মতো স্বনির্ধারণী পদ্ধতিতে রিটার্ন দাখিল করেছেন এমন করদাতার রিটার্ন সুনির্দিষ্ট তথ্য / প্রমাণক অনুযায়ী অতি ঝুঁকিপূর্ণ প্রমাণিত না হলে তা অডিটের জন্য বাছাই প্রক্রিয়ার বাইরে রাখার নীতি অনুসরণ করবেন;
- (চ) উল্লেখযোগ্য পরিমাণ রাজস্ব ক্ষতির আশংকা না থাকলে একজন করদাতার যে কর বছরের রিটার্ন অডিট করা হবে তার পরবর্তী তিন কর বছরে অডিট না করার নীতি অনুসরণ করতে হবে। তবে এক্ষেত্রে অডিট কার্যক্রমের পর্যবেক্ষণসমূহ পরবর্তী রিটার্নসমূহে যথাযথভাবে পরিপালিত হচ্ছে কি-না তা লক্ষ্য রাখবেন;
- (ছ) কোনো করদাতার এক কর বছরের রিটার্ন অডিট চলমান থাকা অবস্থায় অন্য কর বছরের জন্য নতুন করে অডিটভুক্ত করবেন না;
- (জ) অনুমান নির্ভরতা পরিহার করে আয়/ব্যয় নিরূপণ বিষয়ক কোন্ কোন্ প্রমাণাদির অভাব রয়েছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন;
- (ঝ) ধারা ১৬৯(৫) এর শর্ত পরিপালিত না হলে অডিটের জন্য নির্বাচন না করে রিটার্নটি অসম্পূর্ণ হিসাবে বাতিল করার জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন;
- (ঞ) করদাতার ব্যবসার Statement of Financial Position / Balance Sheet এবং Statement of Income and Expenses / Profit & Loss Account বিশ্লেষণ করে অসঙ্গতি চিহ্নিত হলে এবং তা রিটার্ন প্রসেসের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য না হয়ে থাকলে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ করে অডিটভুক্তির প্রস্তাব করবেন;
- (ট) যুক্তিসঙ্গত কারণ ও তথ্য-প্রমাণাদি ব্যতীত লোকসান, শূন্য বা পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণ কম আয় প্রদর্শিত হলে উক্ত রিটার্ন অডিটের জন্য নির্বাচন করতে পারবেন; এবং
- (ঠ) যে সকল করদাতার রিটার্ন কখনোই অডিটের আওতায় আসেনি সে সকল রিটার্ন থেকে অডিটের জন্য বাছাইকৃত রিটার্নের সংখ্যা হবে বাছাইকৃত মোট রিটার্নের ন্যূনতম এক-তৃতীয়াংশ।

(৫) অডিট পরিচালনায় বিভিন্ন আয়কর কর্তৃপক্ষের করণীয়:

- (ক) অডিটের জন্য বোর্ড কর্তৃক নির্বাচিত বা অনুমোদিত রিটার্নসমূহের টিআইএন ভিত্তিক তালিকা জাতীয় রাজস্ব বোর্ড ওয়েব সাইটে প্রকাশ করবে এবং সংশ্লিষ্ট কর কমিশনারের নিকট প্রেরণ করবে;
- (খ) নির্বাচিত বা অনুমোদিত রিটার্নসমূহের টিআইএন ভিত্তিক তালিকা কর কমিশনারগণ নিজ নিজ কর অঞ্চলের ওয়েব সাইটে প্রকাশ করবেন এবং তালিকা প্রাপ্তির অনধিক ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট প্রেরণ করবে;
- (গ) নির্বাচিত বা অনুমোদিত রিটার্নসমূহের টিআইএন ভিত্তিক তালিকা সংশ্লিষ্ট উপ কর কমিশনার স্ব স্ব সার্কেলের (বৃহৎ করদাতা ইউনিটের ক্ষেত্রে ইউনিট) নোটিশ বোর্ডে প্রদর্শন করবেন এবং তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অডিটভুক্তির বিষয়ে সংশ্লিষ্ট করদাতাকে অবহিত করবেন;
- (ঘ) সংশ্লিষ্ট কর কমিশনার ও যুগ্ম / অতিরিক্ত কর কমিশনার নিজ নিজ অফিসে অডিট বিষয়ক তথ্যাদি সংরক্ষণ করবেন;
- (ঙ) করদাতার নিকট হতে লিখিত ব্যাখ্যা পাওয়া গেলে উক্ত লিখিত ব্যাখ্যা, অন্যান্য তথ্যাদি ও নথির রেকর্ড পর্যালোচনায় বা লিখিত ব্যাখ্যা পাওয়া না গেলে সংশ্লিষ্ট তথ্যাদি ও নথির রেকর্ড পর্যালোচনায় রাজস্ব প্রাপ্তির কোনো সম্ভাবনা সৃষ্টি না হলে সংশ্লিষ্ট অতিরিক্ত/ যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে আদেশপত্রে (আইটি ৩৯) বিশদ বিবরণ লিপিবদ্ধ করে সংশ্লিষ্ট মামলার অডিট কার্যক্রম হতে অব্যাহতি প্রদান করতে পারবেন। এরূপ অব্যাহতি প্রাপ্ত অডিট মামলার তথ্য নির্ধারিত ছকে (পরিশিষ্ট ২) পরবর্তী মাসের প্রথম ৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বোর্ডকে অবহিত করবেন;
- (চ) করদাতার নিকট হতে লিখিত ব্যাখ্যা পাওয়া গেলে উক্ত লিখিত ব্যাখ্যা, অন্যান্য তথ্যাদি ও নথির রেকর্ড পর্যালোচনায় বা লিখিত ব্যাখ্যা পাওয়া না গেলে সংশ্লিষ্ট তথ্যাদি ও নথির রেকর্ড পর্যালোচনায় অডিটভুক্ত মামলায় রাজস্ব প্রাপ্তির কোনো সম্ভাবনা সৃষ্টি হলে অডিট কার্যক্রম শুরু করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সার্কেলের (ইউনিটের ক্ষেত্রে ইউনিট) উপ কর কমিশনার প্রয়োজন বোধে সংশ্লিষ্ট সার্কেলের (ইউনিটের ক্ষেত্রে টিম) কর পরিদর্শককে নির্দিষ্ট সময়সীমা উল্লেখ করে মামলাটি সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করতে পারবেন। নির্দিষ্ট সময়সীমা মধ্যে কর পরিদর্শক নির্ধারিত নমুনা অনুযায়ী (পরিশিষ্ট ৩) তদন্ত প্রতিবেদন দাখিল করবেন;
- (ছ) উপকর কমিশনার প্রয়োজন মনে করলে অডিটের জন্য নির্বাচিত কোন কর মামলা পরিদর্শী অতিরিক্ত/যুগ্ম কর কমিশনারের অনুমোদনক্রমে একাধিক কর পরিদর্শকের সমন্বয়ে গঠিত টিমকে সরেজমিন তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ প্রদান করতে পারবেন;
- (জ) Legal ত্রুটির জন্য অডিটের অন্তর্ভুক্ত হলে উক্ত ত্রুটির সঠিকতা থাকলে কর পরিদর্শকের তদন্ত করতে হবে না;

- (ঝ) সংশ্লিষ্ট কর পরিদর্শক কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং নথির রেকর্ড, প্রাপ্ত/সংগৃহীত তথ্যের আলোকে উপ কর কমিশনার নির্ধারিত নমুনা অনুযায়ী (পরিশিষ্ট ৪) অডিট প্রতিবেদন প্রণয়ন করবেন;
- (ঞ) অডিট সমাপনান্তে, যেক্ষেত্রে উপ কর কমিশনার এর নিকট প্রতীয়মান হয় যে, এ আইনের পরিপালন এবং করদাতার আয়, ব্যয় ও পরিসম্পদ সংক্রান্ত সকল তথ্যাদি করদাতার রিটার্নে বা সংশোধিত রিটার্নে যথাযথভাবে প্রতিফলিত হয়নি, সেক্ষেত্রে উপ কর কমিশনার করদাতার নিকট অডিট প্রতিবেদন প্রেরণ করবেন এবং একটি নোটিশ প্রেরণ করবেন যাতে করদাতাকে অডিট প্রতিবেদনের ফলাফল প্রতিফলিত করে প্রাসংগিক লিখিত ব্যাখ্যা ও প্রমাণাদিসহ একটি সংশোধিত রিটার্ন দাখিল করার নির্দেশ প্রদান করবেন;
- (ট) করদাতা সংশোধিত রিটার্ন দাখিল করলে উপ কর কমিশনার যদি সন্তুষ্ট হন যে, অডিট প্রতিবেদনে উল্লিখিত ফলাফলগুলি সংশোধিত রিটার্নে যথাযথভাবে প্রতিফলিত হয়েছে এবং অডিট প্রতিবেদন অনুযায়ী করদায় এবং অন্যান্য প্রযোজ্য অংক সম্পূর্ণরূপে পরিশোধ করা হয়েছে, তাহলে উপ কর কমিশনার সংশোধিত রিটার্ন গ্রহণ করবেন এবং অডিট নিষ্পন্ন হয়েছে মর্মে করদাতার নিকট একটি পত্র প্রেরণ করবেন;
- (ঠ) ধারা ১৮২(৫) এর অধীন নোটিশ পরিপালনার্থে করদাতার দাখিলকৃত সংশোধিত রিটার্ন, ব্যাখ্যা, প্রমাণাদি সন্তোষজনক না হলে অথবা উক্ত নোটিশ পরিপালনের ব্যর্থতায়, উপ কর কমিশনার ধারা ১৮৩ বা ক্ষেত্রমত, ধারা ১৮৪ এর অধীন কর নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করতে পারবেন;
- (ড) উপ কর কমিশনার আয়কর রিটার্ন অডিটের তথ্যাদি নির্ধারিত ছকে (পরিশিষ্ট ৫) সংরক্ষণ করবেন এবং সংরক্ষিত তথ্য হতে প্রতি মাসের ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট কর কমিশনার বরাবর নির্ধারিত ছকে (পরিশিষ্ট ৬) অডিট বিষয়ক অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করবেন; এবং
- (ঢ) কর অঞ্চলের সকল সার্কেলের অডিট বিষয়ক অগ্রগতির সমন্বিত প্রতিবেদন কর কমিশনার নির্ধারিত ছকে (পরিশিষ্ট ৬) বোর্ডের সদস্য (কর অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন) বরাবর প্রেরণ করবেন।

(৬) ব্যক্তি শ্রেণির করদাতার (Individual Taxpayers) অডিট প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য:

৬.১. চাকরী হতে আয়:

- (ক) বেতনভোগী করদাতার আয়ের সাথে ব্যাংক বিবরণী মোতাবেক জমা বেতন বিবরণীর সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না;
- (খ) বেতনভোগী করদাতা আয় অর্জনের সাথে সংশ্লিষ্ট নয় এরূপ সুদযুক্ত ব্যক্তিগত ঋণ (ফ্লাট, বাড়ি, গাড়ি ও অন্যান্য) গ্রহণ করলে পরিশোধিত বাৎসরিক সুদ খরচ হিসেবে জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্য ছকে বা রিটার্নে অন্য কোথাও প্রদর্শন করা হয়েছে কি-না;
- (গ) এস আর ও নং ২২৫-আইন/আয়কর-৭/২০২৩, তারিখঃ ১৩ জুলাই, ২০২৩ খ্রিঃ (সরকারি কর্মচারীদের বেতন, করযোগ্য আয় সংক্রান্ত) অনুযায়ী বেতন আয় পরিগণনা করা হয়েছে কি-না; এবং
- (ঘ) করদাতা কোন প্রাইভেট লিমিটেড কোম্পানীর শেয়ারহোল্ডার হলে এবং উক্ত কোম্পানি থেকে তিনি কোন ঋণ গ্রহণ করলে ত্ত গৃহীত অগ্রিম বা ঋণ ধারা ২(৮১)(ছ) অনুসারে লভ্যাংশ হিসেবে গণ্য করা হবে কি-না।

৬.২. ভাড়া হতে আয়:

- (ক) ভাড়া হতে আয় বাবদ প্রদর্শিত বার্ষিক মূল্য (Annual Value) সম্পত্তির অবস্থান, ফ্লোর স্পেসের পরিমাণ, এলাকার ভাড়ার হার বিবেচনায় কম প্রতীয়মান হয় কি-না;
- (খ) ভাড়া হতে আয় বাবদ প্রাপ্তি মাসিক ২৫,০০০ টাকার অধিক হলে তা করদাতার ব্যাংক হিসাবে জমা হয়েছে কি-না;
- (গ) আয়কর আইনের ধারা ৩৭, ধারা ৩৮ এবং ধারা ৩৯ এর বিধান পরিপালন করা হয়েছে কি-না; এবং
- (ঘ) সার্কেলের অধিক্ষেত্রাধীণ যে সকল করদাতা তাদের রিটার্নে গৃহসম্পত্তির ভাড়া যৌক্তিক ও বাজার মূল্যের সাথে সংগতিপূর্ণ হারে প্রদর্শন করেন, সেসকল গৃহসম্পত্তির প্রদর্শিত ভাড়াসহ অন্যান্য প্রাসঙ্গিক তথ্য সংশ্লিষ্ট উপকর কমিশনার একটি পৃথক রেজিস্টারে সংরক্ষণ করবেন এবং এসকল ভাড়ার তথ্য একই এলাকার সমজাতীয় অন্যান্য ভবনের ভাড়া আয় প্রাক্কলনের ক্ষেত্রে রেফারেন্স হিসেবে তদন্ত প্রতিবেদন এবং কর নির্ধারণী আদেশে ব্যবহার করবেন।

৬.৩. কৃষি হতে আয়:

- (ক) প্রদর্শিত কৃষি হতে আয়ের সাথে রিটার্নে বর্ণিত কৃষি জমির পরিমাণ সামঞ্জস্যপূর্ণ কি-না; এবং
- (খ) কৃষি আয়ের ক্ষেত্রে জমির পরিমাণ, শস্যের ধরণ, উৎপাদন খরচ, ক্রয়-বিক্রয়ের পরিমাণ, গ্রস ও নীট আয়ের পরিমাণ ইত্যাদি বাস্তবসম্মত হারে প্রদর্শিত হয়েছে কি-না।

৬.৪. ব্যবসা হতে আয়:

- (ক) আয়কর আইনের ধারা ৫৪ এর বিয়োজন অনুমোদনের সাধারণ শর্তাবলীর প্রতিফলন আছে কি-না;
- (খ) স্বাভাবিক ব্যক্তি শ্রেণির করদাতার জন্য প্রযোজ্য ধারা ৫৫ এর ক্লজ ও সাব ক্লজে উল্লিখিত বিধানাবলী পরিপালিত হয়েছে কি-না;
- (গ) ব্যাংক জমার সাথে প্রদর্শিত বিক্রয় / প্রাপ্তি / আয় ইত্যাদি সঙ্গতিপূর্ণ কি-না;
- (ঘ) টার্নওভার (প্রদর্শিত বিক্রয় বা প্রাপ্তির) কর যথাযথভাবে প্রদর্শিত ও পরিশোধিত হয়েছে কি-না;
- (ঙ) আমদানি ব্যবসার ক্ষেত্রে সমুদয় 'বিল অব এন্ট্রি' ও ব্যাংক হিসাব বিবরণী দাখিলকৃত কি-না;
- (চ) ধারা ১৮০(৪) অনুসারে নতুন করদাতা হিসেবে প্রথমবার ব্যবসা ও পেশার আয় প্রদর্শন করে রিটার্ন দাখিল করা হলে প্রদর্শিত প্রারম্ভিক পুঁজির ন্যূনতম ২০% করযোগ্য আয় হিসাবে প্রদর্শন এবং কর পরিশোধিত হয়েছে কি-না। তাছাড়া উক্ত পুঁজি বা পুঁজির অংশবিশেষ সংশ্লিষ্ট আয় বছর বা তৎপরবর্তী ৪ বছরের মধ্যে ব্যবসা ও পেশার পুঁজি হতে অন্য কোনো খাতে স্থানান্তর বা হস্তান্তর হয়েছে কি-না;
- (ছ) ব্যবসার উদ্দেশ্যে গৃহীত ঋণ অন্য কোনো ক্ষেত্রে বিনিয়োগ করা হয়েছে কি-না;
- (জ) পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণীতে ব্যবসায়িক মূলধন কলামে হিসাব অনুযায়ী পুঁজি প্রদর্শিত হয়েছে কি-না; এবং
- (ঝ) প্রদর্শিত পুঁজির পরিমাণ পূর্ববর্তী কর বছরের সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না।

৬.৫. মূলধনি আয়:

- (ক) যে সম্পদ বিক্রয়ের মাধ্যমে মূলধনি আয় উদ্ভূত হয়েছে তা পূর্ববর্তী আয়কর রিটার্নে প্রদর্শিত ছিল কি-না;
- (খ) বিক্রিত সম্পদ প্রকৃতই মূলধনি সম্পদ কি-না;
- (গ) মূলধনি আয়ের সমর্থনে উপযুক্ত প্রমাণাদি সংযুক্ত করা হয়েছে কি-না;
- (ঘ) আয়কর আইনের ধারা ৪৬(২) অনুযায়ী মূলধনি বা ব্যবসা আয়ের কর পরিগণনা করা হয়েছে কি-না; এবং
- (ঙ) মূলধনি আয়ের বিপরীতে সপ্তম তফসিল অনুযায়ী কর পরিগণনা করা হয়েছে কি-না।

৬.৬. আর্থিক পরিসম্পদ হতে আয়:

- (ক) সরকারি বা সরকার কর্তৃক অনুমোদিত সিকিউরিটিজ, স্থানীয় কর্তৃপক্ষ বা কোম্পানি কর্তৃক ইস্যুকৃত ডিবেঞ্চার বা অন্য কোনো প্রকারের সিকিউরিটিজ, আর্থিক প্রতিষ্ঠানে রক্ষিত আমানত বা এরূপ অন্যান্য বিনিয়োগ করদাতার 'আইটি ১০বি'-তে যথাযথভাবে প্রদর্শিত হয়েছে কি-না;
- (খ) আর্থিক পরিসম্পদ হতে আয়ের পরিমাণ প্রমাণাদির আলোকে যথাযথভাবে প্রদর্শিত হয়েছে কি-না;
- (গ) আর্থিক পরিসম্পদ হতে আয় পরিগণনার ক্ষেত্রে আয়কর আইনের ধারা ৬৪ ও ধারা ৬৫ অনুযায়ী যথাযথভাবে খরচ দাবী করা হয়েছে কি-না; এবং
- (ঘ) এ খাতে প্রদর্শিত আয়ের উপর যথাযথভাবে আয়কর আইনের অংশ ৭ অনুযায়ী উৎসে কর কর্তন করা হয়েছে কি-না।

৬.৭. অন্যান্য উৎস হতে আয়:

- (ক) অন্যান্য সূত্র হতে আয় উপার্জনকারীর বিনিয়োগ / স্থিতি আয়কর রিটার্নে প্রদর্শিত হয়েছে কি-না;
- (খ) ধারা ৬৭ অনুসারে অন্যান্য সূত্রের আয়সমূহ যথাযথভাবে প্রদর্শিত হয়েছে কি-না; এবং
- (গ) ধারা ৬৮ অনুসারে অনুমোদনযোগ্য নয় এমন কোনো ব্যয় / সুবিধা গ্রহণ করা হয়েছে কি-না।

৬.৮. করমুক্ত উৎস হতে প্রাপ্তি:

- (ক) করদাতা সংশ্লিষ্ট করবর্ষে কোনো দান / উপহার প্রদর্শন করলে, তার সমর্থনে উপযুক্ত প্রমাণাদি (দান / উপহার প্রদানকারীর ঘোষণা, আয়কর রিটার্নের অবিকল নকল, ব্যাংক হিসাব বিবরণী) এবং দানের ক্ষেত্রে দানকর আইন, ১৯৯০ এর বিধান পরিপালিত হয়েছে কি-না;
- (খ) আয়কর আইনের আওতায় জারিকৃত কোনো আদেশ দ্বারা করমুক্ত নয় এমন কোনো অর্থ করমুক্ত হিসেবে দাবী করা হয়েছে কি-না এবং এক্ষেত্রে ধারা ৬৭(১৫) পরিপালিত হয়েছে কি-না;
- (গ) কর অব্যাহতিপ্রাপ্ত আয়ের ক্ষেত্রে আয়কর আইনের ৭৬ ধারার বিধান পরিপালন করা হয়েছে কি-না; এবং
- (ঘ) কর অব্যাহতিপ্রাপ্ত / করমুক্ত কোনো আয় / প্রাপ্তি প্রদর্শনের ক্ষেত্রে আয়কর আইনের ষষ্ঠ তফসিল এর অংশ ১ ও অংশ ২ এর বিধান অনুসরণ করা হয়েছে কি-না।

৬.৯. হাসকৃত করহার প্রযোজ্য এরূপ আয়:

- (ক) দাবীকৃত আয়ের উৎসের বাস্তব অস্তিত্ব সরেজমিন তদন্তপূর্বক নিশ্চিত করা হয়েছে কি-না;
- (খ) মৎস্য, গবাদি পশু, পোল্ট্রি, হ্যাচারী ইত্যাদির ক্ষেত্রে ব্যবসায়ের ট্রেড লাইসেন্স এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করা হয়েছে কি-না;
- (গ) খামারের জন্য প্রয়োজনীয় জমি / পুকুর / জলাশয় এর মালিকানা পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণীতে প্রদর্শিত আছে কি-না;
- (ঘ) খামারের জন্য জমি / পুকুর / জলাশয় লীজ অথবা ইজারাকৃত হলে তার চুক্তিপত্র, জমির মূল মালিকের পর্চা, খতিয়ান, হাল নাগাদ জমির খাজনা পরিশোধের প্রমাণ ইত্যাদি দাখিল করা হয়েছে কি-না;
- (ঙ) সংশ্লিষ্ট সরকারি দপ্তরের নির্দেশনার আলোকে দাবীকৃত উৎপাদনের পরিমাণ সামঞ্জস্যপূর্ণ কি-না; এবং
- (চ) উৎপাদন সংশ্লিষ্ট দাবীকৃত ব্যয় (মৎস্য পোনা, পোল্ট্রি বাচ্চা, গবাদি পশু, খাদ্য, ঔষধ, কীটনাশক, মজুরি ইত্যাদি) সামঞ্জস্যপূর্ণ কি-না এবং উপযুক্ত প্রমাণাদি দ্বারা সমর্থিত কি-না।

৬.১০. রেমিটেন্স / নগদ প্রণোদনা বাবদ আয়:

- (ক) রেমিটেন্স অর্জনকারী ব্যক্তি বিদেশে অবস্থান করে আয় করেছেন কি-না;
- (খ) রেমিটেন্স সরকার অনুমোদিত বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ করা হয়েছে কি-না;
- (গ) রেমিটেন্স আনয়নের প্রমাণাদি (ব্যাংক / বৈদেশিক মুদ্রা স্থানান্তরকারীর প্রত্যয়নপত্র) দাখিল করা হয়েছে কি-না;
- (ঘ) বাংলাদেশে প্রেরিত রেমিটেন্স বিদেশে অবস্থান করে প্রকৃত রেমিটেন্স উপার্জনকারীর নিজের আয়কর নথিতে প্রদর্শন করা হয়েছে কি-না;
- (ঙ) প্রকৃত রেমিটেন্স উপার্জনকারী ব্যতীত অন্য কারো ব্যাংক হিসাবে রেমিটেন্স পাঠানো হলে তা দান, ঋণ বা অন্য কী কারণে প্রেরণ করা হয়েছে তার যথাযথ ব্যাখ্যা, প্রমাণাদি দাখিল করা হয়েছে কিনা এবং উক্ত লেনদেন প্রকৃত রেমিটেন্স উপার্জনকারীর আয়কর নথিতে দেখানো হয়েছে কি-না; এবং
- (চ) নগদ প্রণোদনা প্রাপ্তির ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রদত্ত উপযুক্ত ও যাচাইযোগ্য প্রমাণাদি দাখিল করা হয়েছে কি-না এবং ব্যাংক কর্তৃক যথাযথ হারে উৎসে কর কর্তন করা হয়েছে কি-না।

৬.১১. পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী (আইটি-১০ বি):

- (ক) প্রদর্শিত পরিসম্পদ ও দায় পূর্ববর্তী বছরের পরিসম্পদ ও দায়ের সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না;
- (খ) ব্যবসায়ের প্রদর্শিত মূলধনের পরিমাণের সমর্থনে হিসাব বিবরণী দাখিলকৃত কি-না;
- (গ) স্থাবর সম্পত্তিতে কোন সংযোজন আছে কি-না;
- (ঘ) বিনিয়োগে কোন সংযোজন/বিয়োজন আছে কি-না;
- (ঙ) গাড়িসহ অন্যান্য সম্পদের সংযোজন/বিয়োজন আছে কি-না;
- (চ) প্রদর্শিত নগদ / ব্যাংক ব্যালেন্সের সমর্থনে ব্যাংক হিসাব বিবরণী অথবা প্রত্যয়ন পত্র দাখিলকৃত কি-না; এবং
- (ছ) নতুন কোন ঋণ / দায় প্রদর্শন করা হয়েছে কি-না।

৬.১২. জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্যের ব্যয় বিবরণী (আইটি-১০ বিবি):

- (ক) ‘আইটি ১০ বিবি’-তে প্রদর্শিত ব্যয় পূর্ববর্তী কর বছরের সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না;
- (খ) পরিবারের সদস্য সংখ্যা বিবেচনায় প্রদর্শিত ব্যয় যৌক্তিক কি-না;
- (গ) প্রদর্শিত ব্যয় প্রদর্শিত আয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ কি-না;
- (ঘ) প্রদর্শিত ব্যয় প্রদর্শিত সম্পদের সাথে সামঞ্জস্যতা আছে কি-না;
- (ঙ) নিজ বাড়িতে না ভাড়া বাড়িতে বসবাস করেন;
- (চ) নিজের ব্যক্তিগত গাড়ি আছে কি-না;
- (ছ) পরিশোধিত মর্মে দাবীকৃত করের পরিমাণ চালানের কপি ও অন্যান্য প্রমাণাদি দ্বারা সম্পর্কিত কি-না;
- (জ) সন্তান ইংরেজি মিডিয়াম প্রতিষ্ঠানে বা প্রাইভেট কলেজ / বিশ্ববিদ্যালয়ে বা বিদেশে লেখাপড়া করে কি-না; এবং
- (ঝ) বিদ্যুৎ, গ্যাস, পানি, টেলিফোন বিল ইত্যাদি যৌক্তিক পরিমাণে প্রদর্শন করেছেন কি-না।

(৭) কোম্পানী করদাতার অডিট প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য:

আয়কর আইন, ২০২৩ এর ১৬৯(২) ধারার বিধান মোতাবেক কোম্পানিসমূহের ক্ষেত্রে আয়কর রিটার্নের সাথে নিরীক্ষিত হিসাব বিবরণী / আর্থিক বিবরণী (Audited Accounts / Audit Report) দাখিল করা বাধ্যতামূলক। একটি অডিট রিপোর্ট বিশ্লেষণ করার ক্ষেত্রে সাধারণভাবে নিম্নের প্রশ্নসমূহের উত্তর বিবেচনা করবেন:

- (ক) কোম্পানী করদাতার ক্রয়, উৎপাদন ব্যয়, ব্যাংক হিসাবে জমা ইত্যাদির বিবেচনায় প্রদর্শিত টার্নওভার সামঞ্জস্যপূর্ণ কি-না;
- (খ) কোম্পানী করদাতার ব্যবসার সাথে সম্পর্কিত নয় এরূপ কোনো খরচ দাবী করা হয়েছে কি-না;
- (গ) কোম্পানী করদাতা কর্তৃক বিধি মোতাবেক নির্দিষ্ট সীমার বাইরে খরচ দাবীকৃত কি-না;
- (ঘ) কোম্পানী করদাতা প্রযোজ্য ক্ষেত্রে আয়কর আইনের অংশ ৭ মোতাবেক যথাযথ হারে উৎসে কর কর্তন / সংগ্রহ করে সরকারি কোষাগারে জমা হয়েছে কি-না;
- (ঙ) কোম্পানী করদাতা কর্তৃক নতুন কোনো ঋণ প্রদর্শিত হয়েছে কি-না;
- (চ) কোম্পানী করদাতা কর্তৃক আয়কর আইনের ৫৫ ধারার বিধান পরিপালিত হয়েছে কি-না; এবং
- (ছ) কোম্পানী করদাতা কর্তৃক বিবেচ্য বছরে স্থায়ী সম্পদ সংযোজন প্রদর্শিত হয়েছে কি-না।

কোম্পানী করদাতার কর নির্ধারণী আদেশ প্রণয়নের ক্ষেত্রে নিরীক্ষিত হিসাব বিবরণী / আর্থিক বিবরণী (Audited Accounts / Audit Report) কিভাবে পর্যালোচনা করা হবে তার একটি সাধারণ ধারণা নিম্নে প্রদত্ত হলো-

৭.১. ট্রেডিং এন্ড ম্যানুফ্যাকচারিং (Trading & Manufacturing) হিসাব:

ট্রেডিং এন্ড ম্যানুফ্যাকচারিং হিসাবে সাধারণত উৎপাদনের সাথে সরাসরি জড়িত বিষয়সমূহ যথা: Opening Inventory এবং Closing Inventory সহ Cost of Goods Sold (উৎপাদনের জন্য ব্যবহৃত কাঁচামালের মূল্য), Wages (মজুরী) ও Overhead Cost (যেমন: ফ্যাক্টরী ভাড়া, বিল্ডিং ভাড়া, গ্যাস বিল, বিদ্যুৎ বিল, অন্তঃপরিবহন ইত্যাদি) হিসাবের খাতাপত্র ও বিল ভাউচারাদি এবং ব্যাংক হিসাব বিবরণী দ্বারা যাচাই করবেন। আমদানীর ক্ষেত্রে ঋণপত্র (LC), প্রয়োজনে ASUCUDA++ থেকে সংগৃহীত তথ্য এবং বিল অব এন্ট্রি যাচাই করবেন। স্থানীয় ব্যবসার ক্ষেত্রে ভ্যাট রিটার্নসহ ভ্যাট সংক্রান্ত অন্যান্য দলিলাদি ও হিসাব বহি যাচাই করবেন। প্রযোজ্য ক্ষেত্রে উৎসে কর কর্তন না থাকলে আইনানুগ কার্যক্রম গ্রহণ করবেন।

৭.২. ক্রয় যাচাই (Purchase Verification):

করদাতা কোম্পানীর ক্রয় রেজিস্টার বা লেজার পর্যালোচনাপূর্বক সংশ্লিষ্ট কর বছরে ব্যাংক হিসাবের মাধ্যমে ক্রয় বাবদ পরিশোধিত অংক এবং বিবিধ পাওনাদারের (Sundry Creditors) সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট বছরের ক্রয়ের পরিমাণ নিশ্চিত হবেন।

৭.৩. বিক্রয় যাচাই (Sales Verification):

করদাতার প্রদর্শিত মোট টার্নওভার হতে ভ্যাট, ডিসকাউন্ট, কমিশন, বিক্রয় ফেরৎ (যদি থাকে) বাদ দিয়ে নীট টার্নওভার নির্ধারণ করবেন। নীট অপারেটিং টার্নওভারের মধ্যে কোনো নন- অপারেটিং আইটেম যেমন- ব্যাংক সুদ, ফ্যাক্টরী ভাড়া থেকে আয়, বাড়ি ভাড়া আয় অন্তর্ভুক্ত আছে কি-না তা যাচাই করবেন। করদাতার ব্যবসা হইতে আয় নিরূপণের উদ্দেশ্যে বিক্রয়ের পরিমাণ এবং গ্রস মুনাফার (মোট লাভ) পরিমাণ নিরূপণ আত্যাৱশ্যক। করদাতার প্রদর্শিত বিক্রয়ের পরিমাণ সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত না হলে বিক্রয় প্রাক্কলন করবেন।

এক্ষেত্রে-

- (ক) নথির অতীত রেকর্ড বিবেচনা করে বিক্রয়ের পরিমাণ প্রাক্কলন করবেন; অথবা
- (খ) সরেজমিন তদন্ত করে ব্যবসার বিক্রয়ের পরিমাণ প্রাক্কলন করবেন; অথবা
- (গ) ভ্যাট রিটার্নসহ ভ্যাট সংক্রান্ত অন্যান্য দলিলাদি ও হিসাব বহি যাচাই করে বিক্রয়ের পরিমাণ প্রাক্কলন করবেন।

তাহাড়া-

- (ঘ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে উৎপাদন ব্যয় বিশ্লেষণ ও ব্যাংক হিসাব বিশ্লেষণ করবেন;
- (ঙ) ট্রেডিং ব্যবসায় নিয়োজিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে মজুদ বিশ্লেষণ ও ব্যাংক হিসাব বিশ্লেষণ করবেন; এবং
- (চ) নন-ট্রেডিং ব্যবসায় নিয়োজিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রাপ্তি রেজিস্টার ও ব্যাংক হিসাব বিশ্লেষণ করবেন।

৭.৪. কোম্পানীর ব্যাংক হিসাবের সাথে বিক্রয়ের মিলকরণ:

কোম্পানীর নামে পরিচালিত ব্যাংক হিসাবে জমার পরিমাণ পর্যালোচনা করে বিক্রয়ের পরিমাণ প্রাক্কলন করবেন। তবে, নিরীক্ষিত হিসাব বিবরণীতে প্রদর্শিত বিক্রয়ের সাথে সরাসরি ব্যাংক হিসাবে জমার তুলনা করবেন না। ব্যাংক হিসাব বিশ্লেষণপূর্বক প্রাপ্ত ব্যাংক জমার সাথে প্রদর্শিত বিক্রয়ের তুলনা করার ক্ষেত্রে প্রথমে বিক্রয় হতে ব্যাংকে জমাকৃত অর্থের পরিমাণ নিম্নরূপে নির্ণয় করবেন-

বিক্রয় হতে ব্যাংকে জমাকৃত অর্থের পরিমাণ = নিরীক্ষিত হিসাব বিবরণীতে প্রদর্শিত বিক্রয় + প্রারম্ভিক ট্রেড রিসিভবেলস - সমাপনী ট্রেড রিসিভবেলস + সমাপনী আনআর্নড রেভিনিউ বা অগ্রিম বিক্রয় - প্রারম্ভিক আনআর্নড রেভিনিউ বা অগ্রিম বিক্রয়।

উপরোল্লিখিতভাবে পরিগণিত বিক্রয় হতে ব্যাংকে জমাকৃত অর্থের পরিমাণের সাথে ব্যাংক জমার পরিমাণ মিলকরণ (রিকনসিলিয়েশন) করবেন। এক্ষেত্রে করদাতার নিকট থেকে ব্যাংক হিসাবে জমার মধ্যে কোম্পানীর সিস্টার কনসার্ন হতে বিক্রয় ব্যতীত প্রাপ্ত অর্থ জমা, বিবেচ্য কোম্পানীর নিজ নামে বিভিন্ন হিসাবসমূহের মধ্যে স্থানান্তর, ব্যাংক হতে গৃহীত ঋণ বাবদ জমা, সিস্টার কনসার্ন কর্তৃক ঋণ বাবদ জমা, জামানতবিহীন ঋণ বাবদ জমা, ডিজঅনারজনিত কারণে ক্রেডিট হওয়া জমা, কোম্পানী কর্তৃক বিক্রয় ব্যতীত অন্য কারণে ব্যাংক হিসাবে নগদ জমা ইত্যাদির তথ্য সংগ্রহ করতে হবে। করদাতার প্রদত্ত তথ্য বিশদভাবে যাচাই করে এই খাতগুলো হতে জমা নিশ্চিত হবেন। এক্ষেত্রে কোন পার্থক্য পাওয়া গেলে বিক্রয়ের সাথে যোগ করবেন। অতপর নগদান বই (cash book) যাচাইপূর্বক নগদ বিক্রয় হতে প্রাপ্ত যে অর্থ ব্যাংকে জমা হয়নি তা যোগ করে মোট বিক্রয়ের পরিমাণ নির্ধারণ করবেন।

৭.৫. ব্যাংক হিসাবের ডেবিট দিক পর্যালোচনা:

ব্যাংক হিসাবের ডেবিট দিকে প্রদর্শিত মালামাল ক্রয় ও অন্যান্য খরচের জন্য ব্যাংকের মাধ্যমে পরিশোধিত অর্থ এবং ব্যাংক হতে নগদ উত্তোলিত অর্থ বিস্তারিতভাবে যাচাই করতে হবে। এক্ষেত্রে, কোন অস্বাভাবিক অংকের লেনদেন পরিলক্ষিত হলে করদাতার নিকট থেকে তার ব্যাখ্যা গ্রহণ করএ আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭.৬. ব্যবসায়ের মোট লাভ (Gross Profit) / গ্রস মুনাফা নির্ণয়:

ব্যবসার মোট লাভ (GP) নির্ণয়ের ক্ষেত্রে ট্রেডিং হিসাবে প্রদর্শিত ক্রয়, বিক্রয়, মজুদ, মজুরী এবং অন্যান্য খরচাদি হিসাবের খাতাপত্র, বিল, ভাউচার ও অন্যান্য আনুষঙ্গিক প্রমাণাদি দ্বারা যাচাইযোগ্য কি-না তা পুংখানুপুংক্ষভাবে যাচাইয়ের ভিত্তিতে উদ্ধৃত পরিস্থিতি বিবেচনায় নিয়ে ট্রেডিং একাউন্ট এর বিষয়ে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে:

	পরিস্থিতি	করণীয়
(১)	(ক) ক্রয়সহ অন্যান্য প্রত্যক্ষ ব্যয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত নয়। (খ) বিক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত নয়। (গ) গ্রস মুনাফা কম। (ঘ) প্রারম্ভিক ও সমাপনী মজুদ প্রমাণাদি দ্বারা সমর্থিত নয়।	<ul style="list-style-type: none"> ● প্রদর্শিত গ্রস মুনাফার হার গ্রহণযোগ্য কি-না তা নির্ধারণের জন্য দাবীকৃত অবচয়ের পরিমাণ বিবেচনায় নিতে হবে। উল্লেখযোগ্য পরিমাণ অবচয়ের কারণে গ্রস মুনাফার হার কম প্রদর্শিত হলে অবচয় বাদ দেয়ার পূর্বের গ্রস মুনাফার হার বিবেচনা করে আরোপযোগ্য গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হবে। আরোপযোগ্য গ্রস মুনাফার হার হবে নথির অতীত রেকর্ডে প্রতিষ্ঠিত গ্রস মুনাফা হার। নথির অতীত রেকর্ড না থাকলে সমজাতীয় করদাতার প্রতিষ্ঠিত গ্রস মুনাফার হারের ভিত্তিতে আরোপযোগ্য গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হবে। ● নথির অতীত রেকর্ড এবং ব্যাংক রিকনসিলিয়েশন এর ভিত্তিতে বিক্রয় প্রাক্কলন করতে হবে। ● প্রাক্কলিত বিক্রয়ের উপর আরোপযোগ্য গ্রস মুনাফার হার প্রয়োগ করে গ্রস মুনাফার পরিমাণ প্রাক্কলন করতে হবে। ● প্রাক্কলিত গ্রস মুনাফার পরিমাণ ও প্রদর্শিত গ্রস মুনাফার পরিমাণের পার্থক্য করদাতার প্রদর্শিত আয়ের সাথে যোগ করতে হবে।
(২)	(ক) ক্রয়সহ অন্যান্য প্রত্যক্ষ ব্যয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত নয়। (খ) বিক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত। (গ) গ্রস মুনাফা কম। (ঘ) প্রারম্ভিক ও সমাপনী মজুদ প্রমাণাদি দ্বারা সমর্থিত নয়।	<ul style="list-style-type: none"> ● আরোপযোগ্য গ্রস মুনাফার হার হবে নথির অতীত রেকর্ডে প্রতিষ্ঠিত গ্রস মুনাফা হার। নথির অতীত রেকর্ড না থাকলে সমজাতীয় করদাতার প্রতিষ্ঠিত গ্রস মুনাফার হারের ভিত্তিতে আরোপযোগ্য গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হবে। ● প্রদর্শিত বিক্রয়ের উপর আরোপযোগ্য গ্রস মুনাফার হার প্রয়োগ করে গ্রস মুনাফার পরিমাণ প্রাক্কলন করতে হবে। ● প্রাক্কলিত গ্রস মুনাফার পরিমাণ ও প্রদর্শিত গ্রস মুনাফার পরিমাণের পার্থক্য করদাতার প্রদর্শিত আয়ের সাথে যোগ করতে হবে।

(৩)	(ক) ক্রয়সহ অন্যান্য প্রত্যক্ষ ব্যয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত। (খ) বিক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত নয়। (গ) গ্রস মুনাফা কম। (ঘ) প্রারম্ভিক ও সমাপনী মজুদ প্রমাণাদি দ্বারা সমর্থিত নয়।	<ul style="list-style-type: none"> আরোপযোগ্য গ্রস মুনাফার হার হবে নথির অতীত রেকর্ডে প্রতিষ্ঠিত গ্রস মুনাফা হার। নথির অতীত রেকর্ড না থাকলে সমজাতীয় করদাতার প্রতিষ্ঠিত গ্রস মুনাফার হারের ভিত্তিতে আরোপযোগ্য গ্রস মুনাফার হার নির্ধারণ করতে হবে। আরোপযোগ্য গ্রস মুনাফার হারের ভিত্তিতে বিক্রয় পুনঃগঠন করতে হবে। অতঃপর পুনঃগঠিত বিক্রয়ের পরিমাণ ও প্রদর্শিত বিক্রয়ের পরিমাণের পার্থক্য করদাতার প্রদর্শিত আয়ের সাথে যোগ করতে হবে। এক্ষেত্রে, পুনঃগঠিত বিক্রয় = $\frac{\text{কস্ট অব গুডস সোল্ড (বা কস্ট অব সেলস)} * ১০০}{১০০ - \text{প্রাক্কলিত গ্রস মুনাফার হার}}$
(৪)	(ক) ক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত; কিন্তু অন্যান্য প্রত্যক্ষ ব্যয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত নয়। (খ) বিক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত। (গ) গ্রস মুনাফা কম। (ঘ) প্রারম্ভিক ও সমাপনী মজুদ প্রমাণাদি দ্বারা সমর্থিত নয়।	যে সকল ব্যয় ভাউচার দ্বারা সমর্থিত বা প্রমাণিত নয় তা থেকে যৌক্তিক পরিমাণ ব্যয় অননুমোদন করে করদাতার আয়ের সাথে যোগ করতে হবে।
(৫)	(ক) ক্রয়সহ অন্যান্য সকল প্রত্যক্ষ ব্যয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত। (খ) বিক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত। (গ) গ্রস মুনাফা কম। (ঘ) প্রারম্ভিক ও সমাপনী মজুদ প্রমাণাদি দ্বারা সমর্থিত।	ট্রেডিং হিসাব মেনে নিতে হবে। অর্থাৎ কোন Trading Addition হবে না।
(৬)	(ক) ক্রয়সহ অন্যান্য প্রত্যক্ষ ব্যয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত। (খ) বিক্রয় সম্পূর্ণরূপে ভাউচার দ্বারা সমর্থিত ও প্রমাণিত নয়। (গ) গ্রস মুনাফা সঠিক। (ঘ) প্রারম্ভিক ও সমাপনী মজুদ প্রমাণাদি দ্বারা সমর্থিত।	ট্রেডিং হিসাব মেনে নিতে হবে। অর্থাৎ কোন Trading Addition হবে না।

৭.৭. Statement of Income and Expense এ দাবীকৃত খরচসমূহ যাচাই:

Statement of Income and Expense এ দাবীকৃত খরচসমূহ যথাযথ কি-না তা বিল-ভাউচার ও অন্যান্য প্রমাণের দ্বারা যাচাই করে নিশ্চিত হতে হবে। এক্ষেত্রে পরিশোধিত মর্মে দাবীকৃত সমুদয় খরচ বিল / ভাউচার দ্বারা যাচাই করে ব্যাংকিং চ্যানেলে পরিশোধিত হলেই কেবল খরচটি যথার্থ ধরে নিবেন। এক্ষেত্রে আয় বছরের সমাপনী মাসসহ কমপক্ষে তিন মাসের বিল ভাউচার আবশ্যিকভাবে যাচাই করে দাবীকৃত খরচের সঠিকতা নিশ্চিত হবেন। যে সকল খরচের ক্ষেত্রে উৎসে কর কর্তন প্রযোজ্য তার উপর নির্ধারিত হারে কর কর্তনপূর্বক নির্দিষ্ট সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা হয়েছে কি-না নিশ্চিত হবেন। এক্ষেত্রে করদাতার দাখিলকৃত আয়কর অধ্যাদেশের ১৭৭ ধারার “উৎসে করের রিটার্ন” এর সাথে খরচের মিলকরণ করবেন।

তবে একই খরচ দুইবার অগ্রাহ্য করবেন না। ধরা যাক, মেরামত বাবদ একটি কোম্পানীর প্রদর্শিত ব্যয়ের পরিমাণ ৯,০০,০০০ টাকা; যার মধ্যে বিল ভাউচার দ্বারা সমর্থিত ব্যয়ের পরিমাণ ৭,০০,০০০ টাকা। সেক্ষেত্রে পার্থক্যের (৯,০০,০০০ - ৭,০০,০০০) পরিমাণ ২,০০,০০০ টাকা অননুমোদন করে ব্যবসায় আয় হিসাবে যোগ করবেন। যদি বিল ভাউচার দ্বারা সমর্থিত ৭,০০,০০০ টাকার উপর প্রযোজ্য উৎসে কর কর্তন না হয়ে থাকে তাহলে উক্ত ৭,০০,০০০ টাকা বিশেষ আয় হিসাবে যোগ করবেন।

অতঃপর নিম্নের বিষয়াদি বিবেচনা করবেন-

- (ক) আয়কর আইনের ধারা-৫৪ এর বিয়োজন অনুমোদনের শর্তাবলির প্রতিফলন নিশ্চিত করবেন;
- (খ) আয়কর আইনের ধারা-৫৫ এর প্রয়োগ যাচাই করবেন;
- (গ) আয়কর আইনের ধারা-৫৬ অনুযায়ী বিশেষ ব্যবসা আয় ও আয়কর পরিগণনা করবেন;

- (ঘ) দাবীকৃত ব্যয়ের তুলনায় সরেজমিন তদন্তে অধিক ব্যয়ের প্রমাণ পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন;
- (ঙ) অবচয় মঞ্জুরের ক্ষেত্রে পুনঃমূল্যায়িত সম্পদের উপর অবচয় দাবী করা হয়েছে কি-না যাচাই করবেন; এবং
- (চ) স্থায়ী সম্পদ সংযোজনের ক্ষেত্রে দাবীকৃত অর্থের পরিমাণ বিল / ভাউচার ও ব্যাংক হিসাব বিবরণী দ্বারা সমর্থিত কি-না এবং উক্ত সম্পত্তি বিবেচ্য বছরে উৎপাদন / ব্যবসায়িক কাজে ব্যবহৃত হয়েছে কি-না তা নিশ্চিত হয়ে প্রয়োজ্য হারে অবচয় অনুমোদন করবেন।

৭.৮. Statement of Financial Position / Balance Sheet বিশ্লেষণ:

- (ক) কোম্পানির Statement of Financial Position / Balance Sheet এ সম্পদ ও পরিসম্পদ (Assets & Properties) এবং মূলধন ও দায়ের (Capital & Liabilities) উপাদানসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণ করবেন;
- (খ) সংশ্লিষ্ট বছরের Statement of Financial Position / Balance Sheet তে উল্লিখিত অংকের সাথে পূর্ববর্তী বছরের অংকের সংগতি রয়েছে কি-না তা যাচাই করবেন;
- (গ) স্থায়ী সম্পদ সংযোজনের ক্ষেত্রে বিল ভাউচার, ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ এবং প্রয়োজ্য ক্ষেত্রে উৎসে কর কর্তন করা হয়েছে কি-না যাচাই করবেন;
- (ঘ) ব্যবসায়িক ব্যাংক ঋণ গ্রহণ করে ব্যবসা বহির্ভূত ক্ষেত্রে বিনিয়োগ করা হয়েছে কি-না যাচাই করবেন;
- (ঙ) কোম্পানির শেয়ার হোল্ডারগণের বিনিয়োগ ব্যাংকিং চ্যানেলে সম্পন্ন হয়েছে কি-না তা যাচাই করবেন;
- (চ) Current / Short Term Liabilities হিসেবে বিবেচিত Accounts Payable, Salary Payable, Trade Payable, Tax Payable, Notes Payable, Short Term Loan and Borrowings, Accrued Expenses, Dividend Payable, Unearned Revenue ইত্যাদি অনুমোদনের ক্ষেত্রে এর যাচাই যোগ্যতা (অর্থাৎ কোনো অলীক বা Fake দায় প্রদর্শিত হয়েছে কি-না যাচাই করবেন);
- (ছ) Long Term Liabilities হিসেবে বিবেচিত Long Term Loan, Bond Payable, Deferred Revenue, Pension Liabilities, Lease Liabilities ইত্যাদি দায় প্রমাণ দ্বারা যাচাইপূর্বক ব্যত্যয় পাওয়া গেলে আইনানুগ কার্যক্রম গ্রহণ করবেন;
- (জ) Back to back L/C ঋণ, Cash credit (Hypothecation) এর প্রদর্শিত ঋণের কন্ট্রা হিসাবে যথাযথ সম্পদ যেমন Inventories, Material in Transit, Receivable ইত্যাদি প্রদর্শিত হয়েছে কি-না যাচাই করবেন; এবং
- (ঝ) Retained earnings সঠিকভাবে প্রদর্শিত হয়েছে কি-না, বিবেচ্য বছরের সাথে পূর্ববর্তী বছরে প্রদর্শিত আয় ও আয়কর পরিশোধ বিবেচনা করা হয়েছে কি-না তা যাচাই করবেন।

৮) অডিট মামলা নিষ্পত্তি:

৮.১. সাধারণ অনুসরণীয়:

- (ক) “অডিটের জন্য নির্বাচিত হওয়া মানেই অতিরিক্ত কর ধার্য হবে”- এ ধারণা পরিহার করবেন;
- (খ) আয়কর আইনের ধারা ১৮৩(৩) (ক) অনুযায়ী, উপ কর কমিশনার কোনো করদাতার কর নির্ধারণের জন্য করদাতার উপস্থিতি বা কোনো সাক্ষ্য প্রমাণাদির প্রয়োজন বিবেচনা করেন তাহলে নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখপূর্বক করদাতা নিজে বা তার প্রতিনিধিকে উপ কর কমিশনারের নিকট হাজির হবার জন্য নোটিশ প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট কর বছরের আদেশপত্রে (আই টি ৩৯) তা লিপিবদ্ধ করবেন;
- (গ) ধারা ১৮৩(৩)(খ) অনুযায়ী রিটার্নে প্রদর্শিত আয়ের সমর্থনে যথাযথ প্রমাণ দাখিলের জন্য নোটিশ প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট কর বছরের আদেশপত্রে (আই টি ৩৯) লিপিবদ্ধ করবেন;
- (ঘ) ধারা ১৮৩(৫) অনুযায়ী উপ কর কমিশনার করদাতার কর নির্ধারণ প্রক্রিয়াকালে অধিকতর শুনানী ও প্রয়োজনীয় সাক্ষ্য প্রমাণ চাইতে পারবেন এবং এক্ষেত্রে নোটিশে সুনির্দিষ্টভাবে শুনানির বিষয়াদি উল্লেখসহ পরিপালনের ব্যর্থতায় উদ্ভূত ফলাফল বর্ণনা করবেন এবং সংশ্লিষ্ট করবর্ষের আদেশপত্রে (আই টি ৩৯) লিপিবদ্ধ করবেন;
- (ঙ) ধারা ১৮৩(৬) অনুযায়ী উপ কর কমিশনার শুনানির সুযোগ প্রদান ছাড়া করদাতা কর্তৃক প্রদর্শিত কোনো ব্যয়/ খরচ অনুমোদন করবেন না;
- (চ) কর মামলা নিষ্পত্তিকালে করদাতার যে কোনো দাবী অগ্রাহ্যকরণের ক্ষেত্রে-
 - (অ) করদাতাকে শুনানীর সুযোগ প্রদান করবেন;
 - (আ) শুনানীর বিধিবদ্ধ নোটিশ আইনানুগভাবে জারীর বিষয়টি নিশ্চিত করবেন;
 - (ই) করদাতাকে প্রেরণকৃত অডিট প্রতিবেদন শুনানীর একটি সুযোগ হিসাবে বিবেচিত হবে; এবং

- (ঈ) খরচ দাবির অগ্রাহ্যকরণের আইনি ভিত্তি (legal ground) ও বাস্তবতা (factual ground) করদাতাকে অবহিত করবেন।
- (ছ) কর নির্ধারণী আদেশ প্রণয়নকালে আপীল, ট্রাইব্যুনাল, হাই-কোর্ট ও সুপ্রিম কোর্টে উক্ত করাদেশ বহাল রাখা যাবে কি-না তা অবশ্যই বিবেচনায় নিতে হবে। আপীল ও ট্রাইব্যুনালে যথাযথ মর্মে গৃহীত হওয়ার লক্ষ্যে উপ কর কমিশনার আইনের সঠিক ধারা, convention এবং common sense (the ability to think and behave in a reasonable way and to make good decision) প্রয়োগ করবেন;
- (জ) উপ কর কমিশনার কর নির্ধারণী আদেশ প্রণয়নকালে বিক্রয় প্রাক্কলন অথবা দাবীকৃত খরচ অগ্রাহ্যের ক্ষেত্রে অনুমানের ওপর নির্ভর করলে, করদাতার কর পরিশোধে আর্থিক সজ্জাতির বিষয়টি বিবেচনায় নিয়ে যৌক্তিকভাবে বিক্রয় প্রাক্কলন অথবা খরচ অগ্রাহ্য করতে হবে;
- (ঝ) সংশ্লিষ্ট অতিরিক্ত / যুগ্ম কর কমিশনার তাঁর অধীনস্থ উপ কর কমিশনার কর্তৃক ১৮৩ বা ১৮৪ ধারায় করদাতার আয় ও আয়কর নির্ধারণের ক্ষেত্রে নিবিড় তদারকি, দিক নির্দেশনা ও সহযোগিতা প্রদান করবেন;
- (ঞ) উপ কর কমিশনার বোর্ড কর্তৃক জারীকৃত কোন আদেশ দ্বারা যে সকল কর মামলার ক্ষেত্রে কর কমিশনার / বোর্ড এর অনুমোদন নেয়ার আবশ্যিকতা রয়েছে সে সকল কর মামলার কর নির্ধারণী আদেশ অনুমোদনের জন্য সংশ্লিষ্ট কর কমিশনার / বোর্ড এর নিকট প্রেরণ করবেন এবং বোর্ডে প্রেরণের ক্ষেত্রে তামাদি হওয়ার তিন মাস পূর্বে প্রেরণ করবেন;
- (ট) উপ কর কমিশনার অডিট নিষ্পত্তির মাসিক প্রতিবেদন প্রস্তুত, সংরক্ষণ ও কর কমিশনার বরাবর প্রেরণ করবেন;
- (ঠ) উপ কর কমিশনার শুনানি গ্রহণের পর উপস্থাপিত সাক্ষ্য প্রমাণ বিবেচনাক্রমে কর নির্ধারণী আদেশ প্রদান করবেন এবং উক্ত আদেশ প্রণয়নের ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে উক্ত আদেশ করদাতাকে অবহিত করবেন; এবং
- (ড) উপ কর কমিশনার আয়কর আইনের ধারা ১৯৭(১)(খ) অনুসারে মামলা তামাদির তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করবেন।

৮.২. কর নির্ধারণী আদেশ প্রণয়ন:

- (ক) কর নির্ধারণী আদেশের (আইটি-৮৮) ভূমিকা অংশে সংশ্লিষ্ট কর মামলা অডিটের জন্য নির্বাচন সংক্রান্ত বোর্ডের অনুমোদন নম্বর ও তারিখ উল্লেখ করবেন;
- (খ) কোম্পানী করদাতার ক্ষেত্রে ICAB কর্তৃক তৈরিকৃত DVS (Document Verification System) যাচাই করে করদাতার দাখিলকৃত অডিট রিপোর্টের DVC নম্বর উল্লেখ করবেন;
- (গ) ভূমিকা অংশের শেষে যে সকল কারণে (grounds) করদাতার আলোচ্য কর বছরের মামলা অডিটের জন্য নির্বাচিত হয়েছে তা লিপিবদ্ধ করবেন;
- (ঘ) করদাতাকে শুনানীর পর্যাপ্ত সুযোগ প্রদান করা হয়েছিল কি-না, কোনো তথ্য তলব করা হয়েছিল কি-না, অডিট প্রতিবেদনসহ অন্যান্য তথ্য করদাতাকে অবহিত করা হয়েছিল কি-না তা বিস্তারিতভাবে কর নির্ধারণী আদেশে উল্লেখ করবেন;
- (ঙ) উপ কর কমিশনার কর নির্ধারণী আদেশে মামলা নিষ্পত্তি প্রক্রিয়ার বিধিবদ্ধ পদ্ধতি (procedure) অনুসরণ, করদাতার দাবী গ্রাহ্য/ অগ্রাহ্যকরণের আইনগত কারণ (legal reasoning) ও ধারা ৭৫ প্রয়োগের ক্ষেত্রে আয় প্রাক্কলনের ভিত্তি ও পদ্ধতি সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ করবেন;
- (চ) অডিটের প্রতিটি ক্ষেত্র আলাদাভাবে কর নির্ধারণী আদেশে আলোচনাপূর্বক সুনির্দিষ্ট মন্তব্যসহ আইনানুগ সিদ্ধান্ত উল্লেখ করবেন;
- (ছ) কর নির্ধারণী আদেশের নির্দিষ্ট স্থানে, ভূমিকার শেষাংশে এবং আদেশের সমাপ্তিতে মামলা নিষ্পত্তির ধারা উল্লেখ করবেন;
- (জ) কর নির্ধারণী আদেশের শেষাংশে করদাতার খাত ভিত্তিক আয়ের বিভাজনপূর্বক মোট আয় উল্লেখ করবেন;
- (ঝ) কর নির্ধারণী আদেশে ন্যূনতম কর প্রযোজ্য এরূপ আয় এবং প্রযোজ্য সারচার্জ উল্লেখ করবেন; এবং
- (ঞ) কর নির্ধারণী আদেশে টার্নওভার কর, সাধারণ হারে কর ও ন্যূনতম কর পরিগণনা করে প্রযোজ্য কর উল্লেখ করবেন।

৮.৩. সৃষ্ট দাবী হতে আদায় ও ধারাবাহিকতা রক্ষা:

- (ক) উপ কর কমিশনার অডিটের প্রেক্ষিতে সৃষ্ট দাবী আদায়ের জন্য সর্বোচ্চ প্রচেষ্টাসহ পরিকল্পনা মাফিক কাজ করবেন;
- (খ) প্রথমেই অডিট রেজিস্টারে অডিট মামলার নিষ্পত্তির বিবরণ (সৃষ্ট দাবীসহ) নির্দিষ্ট ছক আকারে লিপিবদ্ধ করবেন;
- (গ) সম্পূর্ণ / খন্ড দাবী আদায়ের সাথে সাথে অডিট রেজিস্টার হালনাগাদ করবেন;
- (ঘ) আপিল, ট্রাইব্যুনাল বা উচ্চ আদালতে মামলা বিচারাধীন হলে আদেশ প্রাপ্তির পর সংশোধিত কর নির্ধারণী আদেশ প্রণয়নের সাথে সাথে অডিট রেজিস্টার হালনাগাদ করবেন;
- (ঙ) আপীল ও ট্রাইব্যুনাল রেজিস্টারে প্রযোজ্য তথ্যাদি স্বয়ং লিপিবদ্ধ করবেন; এবং
- (চ) সম্পূর্ণ দাবী আদায় না হওয়া পর্যন্ত দাবী আদায়ের সকল প্রচেষ্টা অব্যাহত রাখবেন।

৮.৪. তথ্য সংরক্ষণ ও প্রকাশ:

উপ কর কমিশনার এই অডিট নির্দেশনার আলোকে আয়কর রিটার্নের অডিট কার্যক্রম সম্পন্ন হওয়ার পর একটি সুনির্দিষ্ট রেজিস্টারে (পরিশিষ্ট ২) অডিট সংক্রান্ত যাবতীয় তথ্য লিপিবদ্ধ করে সংরক্ষণ করবেন। সংরক্ষিত তথ্য হতে কর অঞ্চল ও বিশেষায়িত ইউনিটসমূহ বোর্ডের অডিট উইং এর নিকট নির্ধারিত ছকে (পরিশিষ্ট ৩) তথ্য প্রেরণ করবে। জাতীয় রাজস্ব বোর্ড রাজস্ব বিষয়ক বার্ষিক প্রতিবেদনে অডিট বিষয়ক তথ্য প্রকাশ করবে।

পরিশিষ্টসমূহ

পরিশিষ্ট ১: “অডিটের জন্য প্রস্তাবিত রিটার্নের তথ্য” সংক্রান্ত ছক-

কর অঞ্চল ও সার্কেলের নাম	ক্রমিক নং	কাদাতার নাম, পদবী, ঠিকানা ও টিআইএন	পূর্ববর্তী কর বছর বা তৎপূর্ববর্তী (প্রযোজ্য ক্ষেত্রে) এবং চলতি কর বছরের অভিন্ন ও ভিন্ন উৎস হতে আয়ের তথ্যাদি ও তুলনা					অডিটভুক্তির কারণ (Legal & Factual)	সর্বশেষ অডিটের করবর্ষ এবং খাতওয়ারী আয়ের তথ্যাদি ও অন্যান্য মন্তব্য
			আয়ের উৎসমূহ	পূর্ববর্তী বা তৎপূর্ববর্তী কর বছর	চলতি কর বছর	অভিন্ন আয়ের বৃদ্ধি/হ্রাস (অংকে)	বৃদ্ধি/হ্রাস (%)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

পরিশিষ্ট ২: “অব্যাহতি প্রাপ্ত অডিট মামলার তথ্য” সংক্রান্ত ছক-

ক্রমিক নং	করদাতার নাম ও টিআইএন	অডিটভুক্তির তারিখ	করদাতাকে অবহিতকরণের তারিখ	অব্যাহতির কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

পরিশিষ্ট ৩: “সরেজমিন তদন্ত প্রতিবেদন” এর কাঠামো (নমুনা)-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর সার্কেল- কর অঞ্চল-
নির্দেশনা প্রাপ্তির তারিখঃ

স্মারক নং

তারিখ:

বরাবর

উপ কর কমিশনার

সার্কেল-

বিষয়: তদন্ত প্রতিবেদন দাখিল।

সূত্র:

তদন্ত রেজিস্টার নং -- -- -- সাল -- -- -- এন্ট্রি নং -- -- --

উপ কর কমিশনারের আদেশের তারিখ -- -- --

উপর্যুক্ত বিষয় ও সূত্র/সূত্রসমূহের বরাতে নিম্নোক্ত তদন্ত প্রতিবেদন দাখিল করা হলো:

(ক) সাধারণ তথ্যাদি:

করদাতার নাম ও টিআইএন -
স্বামী / স্ত্রী / অংশিদার / পরিচালক(গণ) -
মোবাইল নম্বর -
জাতীয় পরিচয় পত্র / রেজিস্ট্রেশন নম্বর -
বর্তমান ঠিকানা -
স্থায়ী ঠিকানা -

(খ) আয়ের উৎস: ১)

২)

৩) -- -- --

১) ব্যবসা হতে আয়:

ব্যবসা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	-
ব্যবসা সংক্রান্ত বিস্তারিত তথ্য	-
ট্রেড লাইসেন্স সম্পর্কিত তথ্য	-
প্রতিষ্ঠানের ছবি	-
ব্যবসা প্রতিষ্ঠানের কর্মচারীর সংখ্যা ও বেতন	-
ইউটিলিটি ব্যয় সংক্রান্ত তথ্য	-

২) ভাড়া আয়:

(ক) গৃহ-সম্পত্তি ও পারিপার্শ্বিক অবস্থার ঠিকানা ও বিবরণ	-
ভাড়ার ধরণ	-
গৃহ-সম্পত্তির ছবি	-
জমি ক্রয়ে বিনিয়োগ	-
জমি ক্রয়ের সময়কাল	-
জমির বিবরণ	-
বাণিজ্যিক ভবন ভাড়ায় ক্ষেত্রে চুক্তিপত্র	-

(খ) অন্যান্য পরিসম্পদ যার বিপরীতে ভাড়া আয় প্রাপ্ত হন তার বিবরণ, ধরণ ও প্রকৃতি।

৩) গৃহ-সম্পত্তি সংক্রান্ত বিনিয়োগের উপর প্রতিবেদন:

গৃহ সম্পত্তির ঠিকানা	-
জমির দাগ নং	-
জমির পরিমাণ	-
রাজউক/ কর্তৃপক্ষের অনুমোদিত নকশা	-
বৈদ্যুতিক মিটার সংযোগের তারিখ	-
ছবি (ভবন/ফ্ল্যাট)	-
গুগল ম্যাপ / স্ট্রীট ভিউ এর ছবি	-
ফাউন্ডেশন এর বিবরণ	-
বাউন্ডারী	-
নির্মিত ফ্লোরের আয়তন (বর্গফুট)	-
ইন্টেরিয়র ডেকোরেশন বাবদ ব্যয়	-
অন্যান্য ব্যয়	-
পিডব্লিউডি রেন্ট স্থি: অনুযায়ী বিনিয়োগ:	

- ১) অন্যান্য বিনিয়োগ:
- ২) পারিবারিক ব্যয়: (উপযুক্ত তথ্য / উপাত্ত / প্রমাণাদিসহ খাতভিত্তিক)

স্বাক্ষর :
নাম :
তারিখ :
পদবী : কর পরিদর্শক

পরিশিষ্ট ৪: “অডিট প্রতিবেদন” এর কাঠামো (নমুনা)-

করদাতার নাম :
কর সার্কেল :
কর অঞ্চল :
তদন্ত প্রতিবেদন প্রাপ্তির তারিখ:

(ক) সাধারণ তথ্যাদি:

- (১) করদাতার নাম ও টিআইএন -
(২) স্বামী / স্ত্রী / অংশিদার / পরিচালক(গণ) -
(৩) মোবাইল নম্বর -
(৪) জাতীয় পরিচয় পত্র / রেজিস্ট্রেশন নম্বর -
(৫) বর্তমান ঠিকানা -
(৬) স্থায়ী ঠিকানা -

(খ) আয়ের উৎস: (১) (২) (৩)

(গ) অডিটের বিষয়সমূহঃ

- (১)
(২)
(৩)

প্রতিটি বিষয়ের বিপরীতে প্রাপ্ত তথ্য প্রমাণের আলোকে ব্যাখ্যা প্রদানঃ

(ঘ) ব্যাংক বিবরণী পর্যালোচনাপূর্বক প্রাপ্ত তথ্য ছক আকারে উপস্থাপনঃ

ক্রম	ব্যাংকের নাম	শাখার নাম	হিসাব নম্বর	আয়বর্ষে মোট জমা (ট.)	আয়বর্ষের শেষ তারিখের স্থিতি (ট.)	আয়বর্ষে প্রাপ্ত সুদ/ মুনাফা (ট.)	উৎসে কর কর্তন (ট.)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯

(ঙ) শেয়ার হিসাব বিবরণী পর্যালোচনাপূর্বক প্রাপ্ত তথ্য ছক আকারে উপস্থাপনঃ

ক্রম	প্রতিষ্ঠানের নাম	হিসাব নম্বর	শেয়ার অর্জন মূল্য (ট.)	শেয়ার স্থিতি / ঋণ (ট.)	ফি, চার্জ ও ঋণের সুদ (ট.)	জমা (ট.)	লভ্যাংশ (ট.)	উৎসে কর (ট.)	মূলধনি মুনাফা / ক্ষতি
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

(চ) বিশেষ কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে বিস্তারিত বিবরণঃ

(ছ) তদন্তকালীন সময়ে প্রাপ্ত নতুন তথ্যের ক্ষেত্রে বিস্তারিত বিবরণঃ

(জ) করদাতার বা তাঁর সাথে সম্পর্কিত ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে তারিখ সহ এই কার্যক্রমের বিবরণঃ

(ঝ) করদাতা লিখিত বক্তব্য প্রদান করলে/ না করলে তার বিবরণঃ

(ঞ) তদন্ত প্রতিবেদন এবং করদাতার লিখিত ব্যাখ্যার আলোকে রাজস্ব ঝুঁকির সম্ভাবনা সম্পর্কিত সুনির্দিষ্ট মন্তব্যঃ

স্বাক্ষর :
নাম :
তারিখ :
পদবী : উপ কর কমিশনার

পরিশিষ্ট ৫: “অডিট রেজিস্টার” সংক্রান্ত ছক-*

রিটার্ন রেজিস্টারের ক্রমিক নং	বোর্ড কর্তৃক নির্বাচন বা অনুমোদনের তারিখ	মামলা তামাদির তারিখ	অডিট কার্যক্রম গ্রহণ/ শুরুর তারিখ	অডিট সম্পন্ন হওয়ার তারিখ	নিরু পিত আয়	সৃষ্ট দাবী আদায় ের গৃহীত কার্যক্র ম	সৃষ্ট দাবী হতে আদায়ে র পরিমাণ	আপীল সংক্রান্ত তথ্য			ট্রাইব্যুনাল সংক্রান্ত তথ্য			মু দ্র এ
	বোর্ড হতে অনুমোদন প্রাপ্তির তারিখ				সৃষ্ট দাবী			আপীল আদেশ প্রাপ্তির তারিখ	সংশোধি ত আয় ও দাবী	সংশোধি ত দাবী হতে আদায়ের পরিমাণ	আদেশ প্রাপ্তির তারিখ	সংশোধি ত আয় ও দাবী	সংশোধি ত দাবী হতে আদায়ের পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫

* প্রয়োজনে অন্য যে কোন তথ্য অতিরিক্ত তথ্য রাখা যেতে পারে।

পরিশিষ্ট ৬: “অডিট কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন” সংক্রান্ত ছক-

ক্যাটাগরী	মোট স্বনির্ধারণী রিটার্নের সংখ্যা	অডিটের জন্য নির্বাচিত রিটার্নের সংখ্যা	নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	অডিট প্রক্রিয়াধীন মামলার সংখ্যা	সৃষ্ট দাবীর পরিমাণ (টাকা)	সৃষ্ট দাবী হতে আদায়ের পরিমাণ (টাকা)	অনাদায়ী করের পরিমাণ (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮
কোম্পানি/ফার্ম							
ব্যক্তি ও অন্যান্য							
মোট:							

শাহ মুহাম্মদ ইত্তেদা হাসান
প্রথম সচিব (কর অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন)
জাতীয় রাজস্ব বোর্ড
